**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের সপ্তম রাউন্ড এবং NY ফরোয়ার্ড কর্মসূচির দ্বিতীয় রাউন্ডের জন্য মোহক ভ্যালির বিজয়ীদের নাম ঘোষণা করলেন

***হারকাইমার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার পাবে; বুনভিল এবং রিচফিল্ড উভয়ে NY ফরোয়ার্ড থেকে 4.5 মিলিয়ন মার্কিন ডলার করে পাবে***

***ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের এসব বিনিয়োগ অর্থনৈতিক উন্নয়ন এবং কমিউনিটির সমৃদ্ধি সংক্রান্ত স্টেটের সমন্বিত কৌশলের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ***

***100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচিটি নিউ ইয়র্কের ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থনে সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের গতিবেগের উপর ভিত্তি করে গঠিত হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) সপ্তম রাউন্ডের মোহক ভ্যালির বিজয়ী হিসেবে হারকাইমার 10 মিলিয়ন মার্কিন ডলার পাবে, এবং সেই সাথে এই বছরের মোহক ভ্যালি অঞ্চলের NY ফরোয়ার্ড (NY Forward) বিজয়ী হিসেবে বুনভিল এবং রিচফিল্ড উভয়ে 4.5 মিলিয়ন মার্কিন ডলার করে পাবে।ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের রাউন্ড 7 এ, স্টেটের 10টি অর্থনৈতিক বিকাশ অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত এলাকায় রূপান্তরিত করার মাধ্যমে সম্প্রদায়গুলিকে তাদের অর্থনীতি বলীয়ান করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে মোট 100 মিলিয়ন ডলার তহবিল ও বিনিয়োগের প্রতিশ্রুতি দান করে।

সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) গতিবেগের উপর ভিত্তি করে গঠিত 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচিটি ক্ষুদ্রতর ও গ্রামীণ কমিউনিটিসমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থন করার জন্য DRI এর মতো একই "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল গ্রহণ করে, যেখানে কৌশলী পরিকল্পনা ও প্রকল্পের তাৎক্ষণিক বাস্তবায়ন একত্রিত করা হয়। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড (NY Forward) উভয়ের জন্য গভর্নরের গত বছরের 100 মিলিয়ন মার্কিন ডলার প্রতিশ্রুতির পর, স্টেট এখন কর্মসূচি দুইটির সূচনার পর থেকে সম্মিলিত মোট 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।গভর্নর তার অর্থবছর 2025 এর

নির্বাহী বাজেটে উভয় কর্মসূচির জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার করে, মোট আরো 200 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবনা পেশ করেছেন।

"ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ডের মাধ্যমে আমরা সম্প্রদায়সমূহে তাদের ডাউনটাউন রূপান্তরিত করতে এবং অন্যথায় অসম্ভব হতো এমন আশার স্বপ্নকে প্রণয়ন করতে সাহায্য করছি," **গভর্নর হোকল বলেন।** "তহবিলটি হারকাইমার, বুনভিল, এবং রিচফিল্ডকে তাদের পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে সমর্থন করবে যাতে তারা তাদের সম্প্রদায়ের নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করতে পারে, পর্যটকদের আকৃষ্ট করতে পারে, এবং আগামী প্রজন্মসমূহের জন্য অর্থনৈতিক সুযোগ তৈরি করে দিতে পারে।"

**হারকাইমারের জন্য ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার**
হারকাইমার গ্রাম নিজেদেরকে "বহুমুখী রত্ন" হিসেবে চিহ্নিত করে, এই আখ্যাটি তাদের DRI আবেদনে স্পষ্টভাবে প্রকাশ করা হয়েছিলো। প্রথমবার জমাদানের পর থেকে, গ্রামটি এর আবেদনপত্রকে উন্নত করার জন্য একাধিক উত্তম পদক্ষেপ গ্রহণ করেছে এবং DRI অর্থ বাস্তবায়ন করার ক্ষেত্রে নিজদের প্রস্তুতি প্রদর্শন করেছে, যার মধ্যে রয়েছে একটি কৌশলী মূল পরিকল্পনার কাজ শেষ করা; নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ স্টেটের (New York Department of State) ব্রাউনফিল্ড সুযোগ এলাকা পরিকল্পনা (Brownfield Opportunity Area Plan) বিকাশের জন্য তহবিল পেয়েছে; এর জোনিং কোড সংশোধন করেছে; এর প্রস্তাবিত প্রকল্পসমূহকে পরিশোধন করেছে; বেসরকারি খাতের বিনিয়োগের জন্য প্রতিশ্রুতি নিশ্চিত করেছে; এবং সম্প্রদায়ের জড়িতকরণ সম্প্রসারিত করেছে। আবেদনপত্রের প্রকল্প এবং কৌশলের মূল বিষয় হলো নোঙ্গরস্থানীয় সম্পত্তি,  উদ্যোক্তার বিকাশ এবং হাঁটার উপযোগিতায় বিনিয়োগের মাধ্যমে ডাউনটাউন প্রয়োজনীয় চাকরি ও অর্থনৈতিক বিকাশকে আকৃষ্ট করা; ডাউনটাউনের সাংস্কৃতিক অভিজ্ঞতাকে উন্নত করা; ডাউনটাউনকে মোহক রিভার, ইরি ক্যানাল এবং ওয়েস্ট কানাডা ক্রিকের মতো বিনোদনমূলক সম্পদের সাথে সংযুক্ত করে দেওয়া; এবং ব্যবসা, বাসিন্দা এবং পর্যটকদের স্বাগত জানাবে এমন ডাউনটাউন গেটওয়েকে উন্নত করা।

হারকাইমারকে এর ডাউনটাউন এলাকার পুনরুজ্জীবন এবং স্থানীয় পরিকল্পনা প্রকল্পের পরবর্তীতে দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধির নতুন সুযোগ তৈরির জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল প্রদান করা হয়েছে। DRI এর প্রথম ছয় রাউন্ডের মোহক ভ্যালি বিজয়ী ওয়ানোন্টা, রোম, আমস্টারডাম, ইউটিকা, গ্লোভার্সভিল, লিটল ফলস এবং ক্লিন্টন/কার্কল্যান্ডের সাথে তারা যোগদান করছে।

10 মিলিয়ন মার্কিন ডলার DRI অনুদান থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে হারকাইমার এর ডাউনটাউনকে পুনর্জীবিত করার জন্য একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা তৈরির কাজ শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি এই প্রয়াসের নেতৃত্ব দিবে, বেসরকারি খাতের অভিজ্ঞ ব্যক্তি ও স্টেটের পরিকল্পনাকারীদের একটি দল তাদের সাহায্য করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলী বিনিয়োগ পরিকল্পনাটি পুনরুজ্জীবন প্রকল্পসমূহে DRI অনুদান তহবিলের বিনিয়োগের

নির্দেশিকা হিসেবে কাজ করবে যা নিজেদের ডাউনটাউনের জন্য সম্প্রদায়ের ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকে কাজে লাগবে এবং তার সম্প্রসারণ করবে। DRI এর সপ্তম রাউন্ডের পরিকল্পনাগুলো 2024 সালে সম্পন্ন হবে।

**বুনভিল এবং রিচফিল্ডের জন্য NY ফরোয়ার্ড থেকে 4.5 মিলিয়ন মার্কিন ডলার**
"আমরা ঠিক পথের মাথায় রয়েছি" শিরোনামের বুনভিল গ্রামের আবেদনপত্রে এর ডাউনটাউনকে পর্যটক ও বাসিন্দা সকলের জন্য একটি আকর্ষণীয় গন্তব্যে রূপান্তরিত করা, পর্যটন ও বিনোদনের কেন্দ্র হিসেবে এবং সেই সাথে আডিরোন্ডাক গেটওয়ে হিসেবে এর সুখ্যাতিকে আরো উন্নত করার ইচ্ছা প্রকাশ করা হয়েছে।মিশ্র ব্যবহারের সম্পত্তির সংস্কার, পার্কের উন্নয়ন, পানির মান উন্নয়ন, গ্রাম/টাউনের সার্বিক পরিকল্পনাকে স্মার্ট প্রবৃদ্ধির নীতিমালা দিয়ে সংশোধন করা এবং পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় (Clean Energy Community) আখ্যা অর্জন করার মাধ্যমে সফল পুনরুজ্জীবনের ভিত্তি স্থাপন করতে পূর্বের সরকারি খাতের অনুদানসমূহ তাদেরকে সাহায্য করেছে।নিজেদেরকে "হাঁটা, বাইক চালানোর উপযুক্ত আরাধ্য" স্থান হিসেবে আখ্যা দেওয়া গ্রামটির ডাউনটাউনের গন্তব্য এবং সুযোগ সুবিধার কোনোটিই 10 বা 20 মিনিটের হাঁটা দূরত্বের বেশি দূরে নয়।NY ফরোয়ার্ড অর্থের মাধ্যমে, গ্রামটি উন্নত পথচারীবান্ধব অবকাঠামো, সম্প্রসারিত ক্ষুদ্র ব্যবসার সুযোগ, এবং ব্যাপক সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ উন্নত পাবলিক স্পেসের কল্পনা করেছে।

রিচফিল্ড টাউন এবং রিচফিল্ড স্প্রিংস গ্রামে অবস্থিত গ্রেটার রিচফিল্ড স্প্রিংস ডাউনটাউন এলাকা একটি ক্ষুদ্র সম্প্রদায় যাদের এর মেইন স্ট্রিট পুনরুজ্জীবনের জন্য বৃহদাকার একটি আবেদন রয়েছে। NY ফরোয়ার্ড থেকে রিচফিল্ডের অর্থপ্রাপ্তি হলো পূর্বতন সরকারি ও পূর্বতন বিনিয়োগের অনুবর্তী যা পুনরুজ্জীবনের প্রক্রিয়াকে গতিদান করেছে।আবেদনপত্রে সনাক্ত করা প্রকল্প ও লক্ষ্যসমূহের কেন্দ্রীয় বিষয় হলো স্ট্রিটস্কেপ উন্নয়নের মাধ্যমে জনতার জগতকে উন্নত করা; বিদ্যমান ভবনের অভিযোজিত পুনর্ব্যবহার; সরকারি স্বাস্থ্য ও সুস্থতার প্রচারের জন্য বর্ধিত হাঁটার ও সাইকেল চালানোর উপযুক্ততা; বর্ধিত টেকসই দশা এবং হ্রাসকৃত গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ; ডাউনটাউন এলাকায় ক্ষুদ্র ব্যবসার বিকাশ সমর্থন; এবং এর বৈচিত্র্যময় সাংস্কৃতিক পটভূমির সম্পর্কে সচেতনতা ও কদর বৃদ্ধি করা।

বুনভিল এবং রিচফিল্ড উভয়ে তাদের ডাউনটাউন এলাকার পুনরুজ্জীবন এবং স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়ার পরবর্তীতে দীর্ঘমেয়াদি বিকাশের জন্য নতুন সুযোগ তৈরি করতে 4.5 মিলিয়ন মার্কিন ডলার করে স্টেট অর্থায়ন ও বিনিয়োগ পাবে। NY ফরোয়ার্ডের প্রথম রাউন্ডের মোহক ভ্যালি বিজয়ী কুপার্সটাউন, শ্যারন স্প্রিংস এবং ডজভিলের সাথে তারা যোগদান করছে।

বুনভিল এবং রিচফিল্ড এখন তাদের ডাউনটাউনসমূহকে পুনর্জীবিত করার জন্য কৌশলী বিনিয়োগ পরিকল্পনা তৈরি শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি এই প্রয়াসের নেতৃত্ব দিবে, বেসরকারি খাতের অভিজ্ঞ ব্যক্তি ও স্টেটের পরিকল্পনাকারীদের একটি দল তাদের সাহায্য করবে। এই কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় প্রতিটি কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী প্রকল্পগুলো শনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ ও সুযোগগুলো পরীক্ষা করা হবে। পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির নতুন সুযোগ-সুবিধা

তৈরি করার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা থেকে তহবিল প্রদান করা হবে।

**স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং নিউ ইয়র্ক ফরোয়ার্ড কর্মসূচিকে অন্যদের থেকে যা পৃথক করে রাখে তা হলো নিজেদের নিজস্ব পুনরুজ্জীবনের কাজ শুরু করতে একটি পরিকল্পনা তৈরির জন্য সম্প্রদায়সমূহের এক হয়ে কাজ করা। আমরা জানি যে, তাদের আশেপাশের সবকিছুকে বরণ করে নেওয়া, নিজেদের সমৃদ্ধ ইতিহাস ও সংস্কৃতিকে উদযাপন করা এবং সৃজনশীল চিন্তার মাধ্যমে হারকাইমার, বুনভিল এবং রিচফিল্ড তাদের ডাউনটাউনে নতুন প্রাণশক্তি সঞ্চার করবে। অভিনন্দন এবং নতুন এই যাত্রায় আপনাদের সহায়তা করার জন্য ডিপার্টমেন্ট অফ স্টেট উন্মুখ।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "DRI এবং NY ফরোয়ার্ড থেকে প্রদত্ত অর্থ হারকাইমারের বহুমুখী এবং প্রভাবশালী ভিশনকে বাস্তব করতে সাহায্য করবে এবং বাসিন্দা ও পর্যটক সকলের জন্য বুনভিল ও রিচফিল্ডের আকর্ষণ বৃদ্ধি করবে। মোহক ভ্যালির এই সম্প্রদায়সমূহ ডাউনটাউন উন্নয়নের মাধ্যমে তাদের স্থানীয় অর্থনীতিকে বলীয়ান করার অবস্থানে আছে যা এছাড়াও বৈচিত্র্যময় সংস্কৃতির কদরের  প্রতিফলন করবে এবং অঞ্চলের বিনোদনমূলক রত্নসমূহকে আরো উজ্জ্বল করবে।"

**হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "হারকাইমার, বুনভিল এবং রিচফিল্ডের জন্য DRI এবং NY ফরোয়ার্ড অর্থ মোহক ভ্যালির এই টাউন ও গ্রামকে এমন অভীষ্ট বিনিয়োগ প্রদান করবে যা আবাসন সরবরাহ ও অর্থনৈতিক প্রবৃদ্ধিকে চালিত করবে, যার মধ্যে থাকবে মিশ্র ব্যবহারের ভবনের সংস্কার, বিদ্যমান কাঠামোর অভিযোজিত পুনর্ব্যবহার, এবং স্থানীয় জোনিং কোডের আধুনিকায়ন। স্থানীয় অর্থনীতিসমূহকে সমর্থন করার জন্য আমাদের স্টেটের সকল অঞ্চলজুড়ে নিউ ইয়র্কের ডাউনটাউন সমূহের পুনরুজ্জীবনে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য তাকে ধন্যবাদ।"

**মোহক ভ্যালি আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদের (Mohawk Valley Regional Economic Development Council, MVREDC) সহপ্রধানগণ, গিলরয়, কার্নান অ্যান্ড গিলরয় ইনকর্পোরেটেডের (Gilroy, Kernan & Gilroy, Inc.) প্রেসিডেন্ট লরেন্স টি গিলরয় দ্য থার্ড এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) কবলস্কিলের (Cobleskill) প্রেসিডেন্ট ডাঃ ম্যারিয়ন টেরেনজিও বলেন,** "DRI এবং NY ফরোয়ার্ডের সর্বশেষ এই রাউন্ডে স্বীকৃত, হারকাইমার, বুনভিল এবং রিচফিল্ডের জন্য উপস্থাপিত ভিশনারি ধারণা দেখে আমরা আনন্দিত। আডিরোন্ডাকে বা ওয়াটারফ্রন্ট অ্যাডভেঞ্চারে যাত্রা করা পর্যটক থেকে শুরু করে এইসব সম্প্রদায়ের সুযোগ সুবিধা আরো ভালোভাবে পেতে ইচ্ছুক বাসিন্দা পর্যন্ত, এই তহবিলটি এমন রূপান্তরমূলক পরিকল্পনায় ইন্ধন পরদিন করবে যা বর্তমান ও ভবিষ্যতের জন্য আরো প্রাণবন্ত ডাউনটাউন তৈরি করবে।"

**নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের (New York State Canal Corporation) পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন,** "ইরি ক্যানালের নির্মাণ পুরো মোহক ভ্যালির বহু

সম্প্রদায়ের গঠনে প্রধান ভূমিকা রেখেছে, এর মধ্যে হারকাইমার গ্রাম রয়েছে। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে করা বিনিয়োগ এইসব মিউনিসিপ্যালিটিসমূহকে তাদের ক্যানাল সংলগ্ন অবস্থান ব্যবহার করার সুযোগ প্রদান করছে যাতে করে বর্তমানের বাসিন্দা এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে বাড়ি বলার মতো একটি প্রাণবন্ত স্থান থাকে।"

**স্টেটের সিনেটর পিটার ওবেরেকার বলেন,** "মোহক ভ্যালির একটি অংশের প্রতিনিধিত্ব করতে পেরে আমি সম্মানিত, যার মধ্যে রিচফিল্ড টাউন ও রিচফিল্ড স্প্রিংস গ্রাম রয়েছে, এবং স্টেটের এই বিনিয়োগ এই ঐতিহাসিক ডাউনটাউন জেলা এবং সেই সাথে সম্পূর্ণ অঞ্চলের উন্নতিকে আরো অগ্রসর করবে।আমাদের স্থানীয় নেতৃবৃন্দ একটি বিজয়ী পরিকল্পনা তৈরি করেছে যেখানে অর্থনৈতিক বিকাশ, সম্প্রদায়ের প্রবৃদ্ধি, এবং টেকসই দশার একটি প্রত্যয়ী ভিশন প্রদর্শন করা হয়েছে।নিউ ইয়র্কের ক্ষুদ্র গ্রামীণ সম্প্রদায়সমূহ হলো প্রকৃত রত্ন এবং অর্থনৈতিক চালক, এবং তাদের গুরুত্ব অনুধাবন করা এবং NY ফরোয়ার্ডের মতো কর্মসূচির মাধ্যমে তাদের সাহায্য করা অব্যাহত রাখা স্টেটের জন্য অত্যাবশ্যকীয়।"

**স্টেটের সিনেটর জো গ্রিফো বলেন,** "সাবেক মেয়র হিসেবে, পুরো স্টেটের স্থানীয় সরকারসমূহ যেসব সমস্যার সম্মুখীন হয় তা আমি বুঝতে পারি। এই তহবিল বুনভিল সম্প্রদায়কে উন্নত ও বলীয়ান করবে এবং একে আরো উজ্জ্বলতর একটি ভবিষ্যতের অবস্থানে পৌঁছাতে সাহায্য করবে।"

**অ্যাসেম্বলি সদস্য কেন ব্ল্যাকেনবুশ বলেন,** "NY ফরোয়ার্ড অর্থপ্রাপ্তির জন্য বুনভিলকে অভিনন্দন। বুনভিল গ্রাম একটি ক্ষুদ্র সম্প্রদায় যার ওনিডা কাউন্টির উপর বিশাল ঐতিহাসিক প্রভাব রয়েছে। আবেদনের পর্যায়জুড়ে আপনাদের সমর্থন করতে পেরে আমি সম্মানিত হয়েছি, এবং আমি জানি যে সম্প্রদায়ের গর্বকে পুনরুজ্জীবিত করতে এবং স্থানীয় অবকাঠামোর উন্নয়নের উদ্দেশ্যে ডাউনটাউন এলাকায় একাধিক প্রকল্পের কাজ চলমান রাখতে পেরে বাসিন্দারা খুশি হয়েছে। উল্লেখযোগ্য এই বিনিয়োগ পর্যটকদের আকৃষ্ট করা, টাউনের অনন্য সংস্কৃতি প্রদর্শন করা এবং সকলের জন্য সুযোগ সুবিধা সম্প্রসারণ করার অঙ্গীকার করে। ভিশনটিকে  অবশেষে বাস্তবে পরিণত হতে দেখার জন্য এবং সংস্কার কাজের পর মেইন স্ট্রিট জেলা পরিদর্শন করার জন্য আমি উন্মুখ।"

**অ্যাসেম্বলি সদস্য রবার্ট স্মুলেন বলেন,** "হারকাইমার গ্রাম এবং আমাদের দুর্দান্ত সম্প্রদায় যে ডাউনটাউন পুনরুজ্জীবন প্রয়াসের জন্য এই তহবিল লাভ করবে তার জন্য  আমি অনেক গর্বিত। আমাদের স্থানীয় ব্যবসা ও বাসিন্দাদের জন্য, এবং বছরের পর বছর এখানে বেড়াতে আসা পর্যটকদের জন্য এই তহবিলটি নতুন চাকরির সুযোগ তৈরি করবে, অবকাঠামোর উন্নয়ন করবে, গ্রামের সমৃদ্ধ সংস্কৃতি ও ইতিহাসে সংযোজন করবে এবং এছাড়াও আরো পরিবারের জন্য এই এলাকায় পরিবার স্থাপনের পথ তৈরি করে দিবে। এই তহবিল এবং এই পুনরুজ্জীবন প্রয়াসগুলি আমাদেরকে নিকট
ভবিষ্যতে কোথায় নিয়ে যায় তা দেখতে আমি উন্মুখ।"

**অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান মিলার বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে স্টেটের প্রতিশ্রুতি স্থানীয় সম্প্রদায়সমূহকে উত্থিত করার এবং হারকাইমার, রিচফিল্ড, বুনভিলের মতো মিউনিসিপ্যালিটি, ও তাদের বাসিন্দাদের জন্য একটি

উজ্জ্বলতর ও আরো সমৃদ্ধশালী ভবিষ্যৎ নিশ্চিত করার প্রতি একটি অবিচল নিবেদন তুলে ধরে। হারকাইমারের 10 মিলিয়ন মার্কিন ডলারের DRI তহবিল হলো গ্রামটির নিবেদনের প্রমাণস্বরূপ, তারা তাদের ডাউনটাউনকে পুনর্জীবিত করার জন্য কৌশলের সাথে প্রকল্প বাস্তবায়ন করার পরিকল্পনা করেছে। কাউন্টি আসন হিসেবে হারকাইমারের একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং এই অর্থ গ্রামটিকে একটি সমৃদ্ধশালী কেন্দ্র হিসেবে নতুন আকৃতি প্রদান করার একটি সুবর্ণ সুযোগ প্রদান করছে। এই রূপান্তরমূলক পরিবর্তনের একটি অনুঘটক। নোঙ্গরস্থানীয় সম্পত্তি থেকে শুরু করে হাঁটার উপযুক্ততা পর্যন্ত, এই বিনিয়োগটি চাকরি, ব্যবসাকে আকৃষ্ট করবে, এবং সম্প্রদায়কে বিনোদনমূলক সম্পদের সাথে সংযুক্ত করবে, এবং একই সাথে এমন একটি গতিশীল ও স্বাগত পরিবেশ তৈরি করবে যা আরেকবার সম্প্রদায়ের গর্বকে ধারণ করবে। রিচফিল্ড ও বুনভিলের 4.5 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড অর্থপ্রাপ্তি পথচারীবান্ধব অবকাঠামো, এবং ক্ষুদ্র ব্যবসার প্রবৃদ্ধির জন্য একটি একক ভিশনের প্রতিফলন করে। এই বিনিয়োগসমূহ শুধু মার্কিন ডলার প্রদান করে না, বরং আমাদের পরিবর্তনশীল সম্প্রদায়সমূহের জন্য পুনরুজ্জীবন, প্রবৃদ্ধি, এবং একটি উজ্জ্বলতর ভবিষ্যতের অঙ্গীকার প্রদান করে। আমাদের সম্প্রদায়সমূহে বিনিয়োগ করতে সময় দেওয়ার জন্য আমি গভর্নর হোকল এবং এইসব মিউনিসিপ্যালিটির নেতৃবৃন্দের প্রশংসা করছি।"

**হারকাইমার গ্রামের মেয়র ডানা শেরি বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের একটি প্রাপক হিসেবে গভর্নর যে হারকাইমার গ্রামকে নির্বাচিত করেছেন তার জন্য আমি সম্মানিত বোধ করছি। DRI একটি রূপান্তরমূলক বিনিয়োগ হিসেবে এসেছে যার দ্বারা আগামী বহু প্রজন্ম উপকৃত হবে। হারকাইমার গ্রামের পুনর্জন্মকে প্রজ্বলিত করার সময় গভর্নরের অফিস এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট থেকে আমরা আরো সহায়তা ও দিকনির্দেশনা পেতে চাই।"

**বুনভিল গ্রামের মেয়র জুডিথ ডেলার্বা বলেন,** "গভর্নর হোকল যে আমাদের ক্ষুদ্র গ্রামের প্রতি আগ্রহ দেখিয়েছেন এবং বুনভিলের ভবিষ্যতের সম্ভাবনা দেখতে পেরেছেন তার জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ।NY ফরোয়ার্ড থেকে পাওয়া উদার পরিমাণ আমাদেরকে এমন রূপান্তরকারী প্রকল্প শুরু করতে দিবে যা আমাদের বাসিন্দাদের জীবনকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে এবং বুনভিল সম্প্রদায়ের বুননকে বলীয়ান করবে। বুনভিল গ্রাম এবং গভর্নরের অফিসের মধ্যকার নতুন এই অংশীদারিত্ব উজ্জ্বলতর ভবিষ্যতের জন্য একটি একক ভিশনের উদাহরণ, এবং এই তহবিলের প্রভাব সর্বোচ্চ করতে আমরা নিরলসভাবে একত্রে কাজ করবো, এটি যাতে আমাদের গ্রামের প্রতিটি অংশে পৌঁছে যায় এবং আগামী প্রজন্মসমূহের জন্য একটি দীর্ঘস্থায়ী লিগেসি রেখে যায় তা নিশ্চিত করবো।"

**রিচফিল্ড স্প্রিংসের মেয়র রিচার্ড স্পেন্সার বলেন,** "দারুণ এই উদ্যোগে গভর্নর হোকলের বিবেচনা ও সমর্থনের জন্য তাকে ধন্যবাদ জানাতে আমি এই  সুযোগটি ব্যবহার করতে চাই। গত এক দশক ধরে, রিচফিল্ড স্প্রিংস গ্রাম ও টাউন আমাদের সম্প্রদায়কে বলীয়ান করতে এবং আমাদের বাসিন্দাদের জন্য সমৃদ্ধি নিয়ে আসতে একাধিক যৌথ উদ্যোগে সহযোগিতামূলক কাজ করেছে। আমরা এই প্রয়াসে অগ্রগতি করেছি, এবং রিচফিল্ড স্প্রিন্সকে ওটসেগো কাউন্টির উত্তরের নোঙ্গর হিসেবে এবং মোহক ভ্যালির একটি প্রধান গেটওয়ে হিসেবে স্থাপন করতে এই অর্থ আমাদেরকে একাধিক বিশাল অগ্রগামী পদক্ষেপ নিতে সাহায্য করবে।"

**রিচফিল্ড টাউনের সুপারভাইজার ল্যারি ফ্রিগাল্ট বলেন,** "সম্প্রদায়কে একাধিক প্রকল্প বাস্তব করতে দিবে যা আমাদের সম্প্রদায়কে আবাসন, অর্থনৈতিক বিকাশ এবং বিনোদন খাতে উপকৃত করবে। এইসব প্রকল্পের প্রতিটি রিচফিল্ডের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করবে।আমি ড্যান সালিভ্যান এবং এই অনুদানের জন্য কাজ করা বহু মানুষকে ধন্যবাদ জানাতে চাই। রিচফিল্ডকে সমর্থন করার জন্য এবং আমাদের সম্প্রদায় উন্নত করার জন্য আমাদেরকে একটি সুযোগ প্রদান করার জন্য টাউনের পক্ষ থেকে গভর্নর হোকল এবং জড়িত কর্মকর্তাদের ধন্যবাদ।"

মোহক ভ্যালি আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তাবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং লেক জর্জকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের নির্ণায়কগুলি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটিকে সুস্পষ্ট সীমানা সহ নিবিড় হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির লোকজনের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটিকে অবশ্যই ইতোমধ্যে বসবাসের উপযুক্ততা ও জীবনের মান বৃদ্ধি করবে এমন নীতিমালা গ্রহণ করে থাকতে হবে অতবা এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্প শনাক্ত করেছে যা DRI বা নিউ ইয়র্ক ফরোয়ার্ড তহবিল লাভ করলে অল্প সময়ে বাস্তবায়নের জন্য প্রস্তুত হবে; এবং
- মিউনিসিপ্যালিটির প্রকল্পগুলোর পরিকল্পনা প্রক্রিয়া ও বাস্তবায়ন নিয়ন্ত্রণ করার মতো স্থানীয় সক্ষমতা রয়েছে, যার মধ্যে বরাদ্দপ্রাপ্ত মিউনিসিপ্যাল প্রকল্পগুলোর কন্ট্রাক্টগুলো তদারক করার সক্ষমতাও অন্তর্ভুক্ত রয়েছে।

**ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে**

2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা

তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান।

কর্মসূচির প্রথম ছয় বছরে, পুনরুজ্জীবনের জন্য পরিপক্ক এবং পুনর্গঠন, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং বৃহত্তর অর্থনৈতিক এবং আবাসন বৈচিত্র্য ও সুযোগের চুম্বক হয়ে উঠার সম্ভাবনাসম্পন্ন 69টি ডাউনটাউনের জন্য স্টেট 700 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি প্রদান করেছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে। DRI সম্পর্কে তথ্য এখানে পাওয়া যাবে।

## নিউ ইয়র্ক ফরোয়ার্ড প্রোগ্রাম পরিচিতি

NY ফরওয়ার্ড স্টেটের অর্থনৈতিক উন্নয়ন নীতিমালার একটি কেন্দ্রীয় উপাদান। কর্মসূচিটি পুরো স্টেটের ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে DRI এর সাথে একত্রে কাজ করে যাতে আকার, চরিত্র, প্রয়োজন ও সমস্যা নির্বিশেষে সকল কমিউনিটি স্টেটের পুনরুজ্জীবন প্রয়াস দ্বারা লাভবান হতে পারে। উভয় কর্মসূচি স্টেটের প্রত্যেক অঞ্চলে এমন অতি গুরুত্বপূর্ণ কিছু প্রাণবন্ত ডাউনটাউন তৈরি করছে যা অর্থনৈতিক বিকাশ, জীবনযাত্রার মান এবং আর্থসামাজিক বৈচিত্র্য উন্নত করছে।

তহবিল পাওয়ার পর, নিউ ইয়র্ক ফরোয়ার্ড কমিউনিটিসমূহ রূপান্তরমূলক, সম্পূরক এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত প্রকল্পের একটি তালিকাসহ একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা গঠন করতে একজন পেশাদার পরিকল্পনা উপদেষ্টা এবং স্টেট এজেন্সি অভিজ্ঞদের একটি দল কর্তৃক সমর্থিত হয় যাদের নেতৃত্বে থাকবে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State, DOS)। NY ফরোয়ার্ড প্রকল্পসমূহ প্রত্যেক সম্প্রদায়ের আকারের উপর ভিত্তি করে যথাযথ মাত্রার হয়ে থাকে; প্রকল্পসমূহের মধ্যে ভবন সংস্কার ও পুনর্গঠন, নতুন বা উন্নত পাবলিক স্পেস নতুন করে নির্মাণ বা তৈরি করা এবং এইসব মিউনিসিপ্যালিটির পরিচিতি যে ছোট শহরের চারুতা তাকে সংজ্ঞায়িত ও অনন্য করে রাখা বিশেষ সাংস্কৃতিক এবং ঐতিহাসিক গুণকে বৃদ্ধি করার অন্যান্য প্রকল্প।

এসব কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা এবং প্রকল্প একটি স্থানীয় পরিকল্পনা কমিটির মধ্য দিয়ে যায়, যেটি ব্যাপক পরিসরে কমিউনিটিতে প্রচার-প্রসার ও সম্পৃক্ততার কাজ করে থাকে। এছাড়াও ডিপার্টমেন্ট অব স্টেট বিস্তৃত পরিসরে প্রযুক্তিগত সহায়তা এবং সক্ষমতা গড়ে তোলার ওয়েবিনার প্রদান করে থাকে — DRI কমিউনিটিগুলোর কর্মী, বিশেষজ্ঞ এবং সহকর্মীদের অংশগ্রহণে — যেগুলো এমন কমিউনিটিগুলোকে সহায়তা করার জন্য কাজ করে যেসব কমিউনিটিতে বৃহত্তর, অধিকতর শহুরে কমিউনিটিগুলোর মতো সম্পদ ও সক্ষমতা থাকে না।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418